

শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
প্রশাসন-২ শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd



নম্বর: ৪১.০১.০০০০.০০৯.১১.০০৪.২১. ১৬১৯

তারিখ: ১৮.১২.২০২১

গণবিজ্ঞপ্তি

বিষয়: সমাজসেবা অধিদপ্তরের ৩য় শ্রেণির সমাজকর্মী (ইউনিয়ন) স্থায়ী রাজস্ব পদে প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, বিগত ২৭-৯-২০১৯ তারিখ স্থগিতকৃত সমাজকর্মী (ইউনিয়ন) পদে নিয়োগ পরীক্ষা আগামী ২৪ ডিসেম্বর ২০২১ তারিখ রোজ শুক্রবার বিকাল ৩.০০ টায় ঢাকা সিটি, কেরানীগঞ্জ, সাভার, ধামরাই, টঙ্গী, গাজীপুর ও নারায়নগঞ্জে অনুষ্ঠিত হবে। পরিবর্তিত পরিস্থিতিতে যেহেতু পূর্ব নির্ধারিত কেন্দ্রের পরিবর্তে নতুন কেন্দ্রে পরীক্ষা হবে সেহেতু নতুন সিটি প্ল্যান অনুযায়ী Teletalk Bangladesh Ltd পুনরায় প্রবেশপত্র ইস্যু করছে। যদি কোন প্রার্থী তাদের মোবাইলের সীম পরিবর্তন বা অন্য কোন কারণে প্রবেশপত্র না পান তারাও ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। যারা ইউজার আইডি ও পাসওয়ার্ড হারিয়ে ফেলেছেন তারাও <http://dss.teletalk.com.bd> লিংক-এ প্রবেশ করে সঠিক তথ্য দিয়ে খুব সহজে তাদের ইউজার আইডি ও পাসওয়ার্ড পুনরুদ্ধার করে Admit Card ডাউনলোড করে নিতে পারবেন এবং টেলিটকের <https://alljobs.teletalk.com.bd/en> সাইটে সকল তথ্য আছে বলে টেলিটক বাংলাদেশ লিমিটেড থেকে জানিয়েছে। উল্লেখ্য যে, পরীক্ষার্থীদের রোল নম্বর বন্টন ও আসন বিন্যাস করবে Teletalk Bangladesh Ltd।

পরীক্ষায় কোন প্রকার অসদুপায়/অবৈধ সুযোগ/সুবিধা গ্রহণ/প্রদানের সুযোগ নেই। অবৈধ সুবিধা প্রাপ্তির আশায় কোন চক্রের সাথে কোনরূপ যোগাযোগ ও কোন প্রকার অবৈধ লেনদেন না করার জন্য পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(শেখ রফিকুল ইসলাম)
মহাপরিচালক (গ্রেড-১)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
ফোন: ০২-৫৫০০৭০২৪
ই-মেইল: dg@dss.gov.bd